# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র/২০১১/১৭৩৩

তারিখঃ ৩১/১২/২০১৪ ইং

## প্রেস বিজ্ঞপ্তি

৫৩৪ তম কমিশন সভা অদ্য ৩১/১২/২০১৪ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. "Financial adjustment facilities for same securities on the same trading day" সংক্রান্ত বিষয়ে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ কর্তৃক প্রেরিত প্রস্তাবটিতে অদ্যকার সভায় কমিশন সম্মতি জ্ঞাপন করেছে। উক্ত বিষয়টি উভয় স্টক এক্সচেঞ্জের শেয়ার লেনদেনের ক্ষেত্রে প্রযোজ্য হবে। এর ফলে A, B, G ও N ক্যাটাগরির same script এ নেটিং করা যাবে।

২. স্টক ব্রোকার/ডিলার MAH Securities Limited (DSE TREC No # 013) কর্তৃক কমিশনের সার্ভেইল্যান্স বিভাগে দাখিলকৃত কাগজপত্রে নিম্নেবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়টি উল্লেখিত হয় ঃ

> "নন মার্জিনেবল শেয়ারে (P/E Ratio is over 40) মার্জিন ঋণ প্রদানের মাধ্যমে কমিশনের নির্দেশনা নং- SEC/CMRRCD/2001-43/42 তাং 15/06/2010 লংঘন"

উপরোক্ত সিকিউরিটিজ আইন ভঙ্গ করায় কমিশন আজকের সভায় MAH Securities Limited -কে ১ (এক) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৩. কমিশনে থেকে Issue of Capital Rules, 2001 এর আওতায় capital raise -এর অনুমতি প্রাপ্ত হয়ে বিদ্যমান শেয়ারহোল্ডার ব্যতীত বহিরাগত শেয়ারহোল্ডারদের মধ্যে শেয়ার বন্টন করায় MP Spinning Mills Limited -কে ১০ (দশ) লক্ষ টাকা জরিমানা ধার্য করা হয়। এছাড়াও First Securities Services Limited (Issue Manager) due diligence প্রদানপূর্বক MP Spinning Mills Limited এর খসড়া প্রসপেক্টাস কমিশনে দাখিল করায় First Securities Services Limited -কে ৫ (পাঁচ) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করা হয়। উল্লেখ্য যে, ইতোপূর্বে উক্ত MP Spinning Mills Limited কর্তৃক দাখিলকৃত প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর প্রস্তাব কমিশন অনুমোদন করে নাই।

৪. ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর সদস্য স্টক ব্রোকার, ইবিএল সিকিউরিটিজ লিঃ (ডিএসই সদস্য নং- ০২৬) -এ কমিশনের রুটিন পরিদর্শনের ভিত্তিতে দাখিলকৃত রিপোর্টে নিম্নেবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়টি উল্লেখিত হয় ঃ

> "ক্যাশ হিসাবে মার্জিন ঋণ সুবিধা প্রদান করার মাধ্যমে Margin Rules, 1999 এর Section 3(1) এর লংঘন।"

উপরোক্ত সিকিউরিটিজ আইন ভঙ্গ করায় কমিশন আজকের সভায় উক্ত প্রতিষ্ঠানকে ২(দুই) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৫. স্টক ব্রোকার/স্টক ডিলার ও মার্চেন্ট ব্যাংকারের নিজস্ব ও মক্কেলের পোর্টফোলিওতে ৩১ ডিসেম্বর ২০১৪ইং সমাপ্ত বৎসরে উদ্ভূত পুনঃমূল্যায়নজনিত ক্ষতির (Un-realized loss) বিপরীতে রক্ষিতব্য প্রভিশন সংরক্ষণের জন্য সময় বৃদ্ধির বিষয়ে বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশন ও ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ইতোপূর্বে জারীকৃত এ সংক্রান্ত কমিশনের নির্দেশনা নং- এসইসি/সিএসআরআরসিডি/২০০৯-১৯৩/১৫৫, তারিখঃ ডিসেম্বর ০৯, ২০১৩ইং এর অনুরূপ প্রভিশন সংরক্ষনের সময় বৃদ্ধির ঐচ্ছিক সুবিধা গ্রহণের বিষয়টি অনুমোদন করেছে, যা এককালীন সংরক্ষণের পরিবর্তে ডিসেম্বর ২০১৪ইং হতে ডিসেম্বর ২০১৫ইং পর্যন্ত ৫টি ত্রৈমাসিক সমান অংশে (২০%) সংরক্ষন করা যাবে।

ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd

৬. সভায় Standard Bank Limited এর ২০০ কোটি টাকার Non-Convertible Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ইস্যুর তারিখ হতে ৬ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-convertible, Unsecured, Unlisted, Simple Flat interest Rate Subordinated Bond যার Rate of Return/Coupn Rate 12% p.a.। বন্ডটি ৬ বছরে Full Redemption হবে, শুধুমাত্র ব্যাংক, কর্পোরেট হাউজ, বীমা কোম্পানীসমূহ, আর্থিক প্রতিষ্ঠানসমূহ, অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী, মিউচ্যুয়াল ফান্ড, মার্চেন্ট ব্যাংক এবং উচ্চ সম্পদধারী ব্যক্তিরাই Private Placement এর মাধ্যমে বন্ডটি ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে Standard Bank Limited, Basel II এর শর্ত পূরণ, Tire-2 মূলধন বৃদ্ধি ইত্যাদি কাজে ব্যয় করবে। Standard Bank Limited এর প্রতি ইউনিটেরে অভিহিত মূল্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা। এই বন্ডের Trustee হিসাবে কাজ করছে ICB Capital Management Limited।

৭. EXIM Bank Limited এর ২৫০ কোটি টাকার Mudaraba Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ইস্যুর তারিখ হতে ৭ বছর। বন্ডটির বৈশিষ্ট্য হচ্ছে- Non-convertible, Unsecured, Unlisted, Mudaraba Sub-ordinated Bond যার Profit Rate হবে ব্যাংকটির Prevailing 6 month's tenor Mudaraba Term Deposit Provisional profit rate plus additional 2.50% profit per annum to be paid semi anually। বন্ডটি ৭ বছরে Full Redemption হবে। শুধুমাত্র স্থানীয় আর্থিক প্রতিষ্ঠানসমূহ, বীমা কোম্পানীসমূহ, মিউচ্যুয়াল ফান্ড, কর্পোরেট এবং উচ্চ সম্পদধারী ব্যক্তিরাই Private Placement এর মাধ্যমে এই বন্ডটি ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে ব্যাংকটি Tire-2 মূলধন বৃদ্ধি করবে। EXIM Bank Limited এর প্রতি ইউনিট বন্ডের অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। এই বন্ডের Mandated Lead Arranger এবং Trustee হিসাবে কাজ করছে যথাক্রমে Standard Chartered Bank (SCB) এবং Green Delta Insurance Co. Ltd.

৮. এছাড়াও, সভায় Summit Power Limited (SPL) এর ১০৬,৭৯,১৩,৬১০/- (একশত ছয় কোটি উনআঁশি লক্ষ তের হাজার ছয়শত দশ) টাকার মূলধন বৃদ্ধির প্রস্তাব কমিশন অনুমোদন করেছে। কোম্পানীটি Summit Meghnaghat Power Company Limited (SMPCL) এর ২০,৩৯,৭১,৫০০ টি সাধারন শেয়ার প্রতিটি ১০ টাকায় মোট মূল্য ২০৩,৯৭,১৫,০০০/- টাকা {Owned by Summit Industrial and Mercantile Corporation (Pvt.) Ltd.} Acquisition এর মাধ্যমে (By Exchange of 1.91 SMPCL shares for 1 share of SPL) ১০৬,৭৯,১৩,৬১০/- টাকার সমপরিমাণ মূলধন উত্তোলন করবে। উল্লেখ্য, Summit Power Limited কর্তৃক ইস্যুকৃত ১০,৬৭,৯১,৩৬১ টি সাধারণ শেয়ার তিন বছরের জন্য লক-ইন থাকবে।

Rahman
৩১/১২/২০১৪
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র